REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।


## বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপন দাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপন দাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


৮ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২২শে ভাদ্র বুধবার ১৩২৮ ইংরাজী 7th September 1921 | ১৭শ সংখ্যা।






দর্পণ সাক্ষাতেই রমণীর সৌন্দর্য্য প্রতীয়মান হয়।

সৌন্দর্য্য বৃদ্ধি করিতে কেশরঞ্জন অদ্বিতীয়।

আমাদের কেশরঞ্জন তৈল। গুণে বিশ্ববিজয়ী, ও প্রতিদ্বন্দ্বী-বিহীন। এই কেশতৈল-প্লাবিত বঙ্গভূমে —বহুদিন হইতেই আমাদের কেশরঞ্জন একাধিপত্য করিয়া আসিতেছে। শ্রেষ্ঠগুণই ইহার কারণ।

আমাদের কেশরঞ্জন তৈল। প্রত্যেক প্রতিভাসম্পন্ন লোক, ইহাকে তাঁহাদের চিন্তাশীলতার ও মস্তিষ্ক-আলোচনার সহায় বলিয়া ভাবেন। এই জন্য জজ, ম্যাজিষ্ট্রেট, ব্যারিষ্টার উকীল, বিশ্ববিদ্যালয়ের ছাত্র সকলেই ইহার অনুরক্ত ভক্ত।

আমাদের কেশরঞ্জন তৈল। মহিলাকুলের সোহাগের অঙ্গরাগ। কেশরঞ্জন বর-বপুতে লেপন করিতে পারিলে, কেশরঞ্জন সিক্ত করিয়া বেণী বন্ধন করিতে পারিলে, তাঁহারা কৃতার্থম্মন্য হয়েন।

আমাদের কেশরঞ্জন তৈল। কেশ বৃদ্ধি করিতে, কেশের মসৃণতা সম্পাদনে, কেশস্খলন (টাক) নিবারণে, কেশের পক্ক মরামাস ও খুস্কি নিবারণে এবং অঙ্গের লাবণ্য ও মুখের সৌন্দর্য্য বৃদ্ধিতে অতুলনীয়।

এক শিশি ১৲ এক টাকা; মাশুলাদি ।৵০ ছয় আনা। তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা; মাশুলাদি ৸০ বার আনা। ডজন ৯৲ নয় টাকা মাশুলাদি স্বতন্ত্র।

## অশোকারিষ্টের স্বল্প পরিচয়।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহারিষ্ট। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকরীশক্তি অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-সুখময় আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্টে" রমণীরক্ষা হয়—রমণীর রোগ বিদূরিত হয়—আর বন্ধ্যা রমণী, বন্ধ্যাত্বের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কৃচ্ছ্রসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

| | | |
|---|---|---|
| মূল্য প্রতি শিশি | ... | ১৷৹ দেড় টাকা। |
| প্যাকিং ও ডাকমাশুল | ... | ৷৵০ নয় আনা। |

## হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিদের অবস্থা অর্দ্ধ আনার টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, আমি স্বয়ং ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুদ্রব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

### কবিরাজ নগেন্দ্রনাথ সেনগুপ্ত এণ্ড কোং-র

### আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮/১ ও ১৯ নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

গত ২৭ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিং ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইঁহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত; এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস, এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

| | | |
|---|---|---|
| মূল্য | প্রতি | বড় শিশি ৩৲ |
| " | " | মাঝারি শিশি ২৷০ |
| " | " | ছোট শিশি ১৷৹ |

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ, গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত, সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

### আর, লগিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## টাকার অষ্টোত্তর শতনাম।

—:০:—

শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনামের হাস্যো-দ্দীপক অনুকরণ। টাকার যত প্রকার নাম হইতে পারে তাহা কৌশলে কবিতায় লিখিত হইয়াছে। একবার পড়িয়া হাসিবেন ও বন্ধু-বান্ধবকে দেখাইবার ও হাসাইবার প্রলোভন সম্বরণ করিতে পারিবেন না। মূল্য মাত্র /০ এক আনা। /১০ ছয় পয়সার ছয় খানা ডাক টিকিট পাঠাইলে ঘরে বসিয়া পাইবেন। পাইকারগণকে কমিশন দেওয়া যায়।

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ অফিস
পোঃ রঘুনাথগঞ্জ।
(মুর্শিদাবাদ)

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২২শে ভাদ্র বুধবার ১৩২৮ সাল।

## মিউনিসিপালিটীর রাস্তায় করদাতা জখম।

—•—

জঙ্গিপুর মিউনিসিপালিটীর ৫নং ওয়ার্ডে চাউল পটীতে সদর রাস্তার উপর যে সাঁকো আছে, তাহার উপর দুই খানি লোহার চাদর আবরণ দেওয়া আছে। চাদর দুইখানির মুখ যে স্থানে মিলিয়াছে গাড়ী চলাচল জন্য সময়ে সময়ে তাহা ফাঁক হইয়া যায়। দিবাভাগে চক্ষুষ্মান ব্যক্তিগণ তাহা অতিক্রম করিয়া যায় কিন্তু রাত্রিকালে অন্ধকারে অনেককেই সময়ে সময়ে সেই দুই লৌহ ফলকের ফাঁকে পড়িয়া এক আধটু আঘাত পাইতে হয়। গত সোমবার রাত্রিতে উক্ত চাউল পটীর বৃদ্ধ ব্যবসাদার শ্রীযুক্ত অবধূত দত্ত মহাশয় সেই লোহার ফাঁকে পড়িয়া সাংঘাতিক আঘাত প্রাপ্ত হইয়াছেন। বেচারার পায়ের হাড় বাহির হইয়া গিয়াছে। মিউনিসিপালের মার দুনিয়ার বা'র। কর্ত্তাবাবুরা দত্ত ম'শায়ের আহত পা খানি একবার নজর করিলে সে বেচারা একটু আশ্বস্ত হয়।

## রেলের মাশুল বৃদ্ধি।

—:০:—

আগামী ১লা অক্টোবর হইতে ই, আই রেলে প্রথম শ্রেণী ১ম ৩০০ মাইলে প্রতি মাইল ২৪ পাই তদূর্দ্ধে প্রতি মাইল ১৮ পাই হিসাবে, দ্বিতীয় শ্রেণী ১ম ৩০০ মাইলে প্রতি মাইল ১২ পাই তদূর্দ্ধে প্রতি মাইল ৯ পাই হিসাবে মধ্যম শ্রেণী ডাক গাড়ীতে ১ম ৩০০ মাইলে প্রতি মাইল ৬ পাই তদূর্দ্ধে প্রতি মাইল ৪॥ পাই হিসাবে ডাকগাড়ী ভিন্ন অন্য গাড়ীতে প্রতি মাইল ৪॥ পাই হিসাবে, তৃতীয় শ্রেণী ডাক গাড়ীতে ১ম ৩০০ মাইলে ৪ পাই তদূর্দ্ধে প্রতি মাইল ৩॥ পাই হিসাবে ডাক গাড়ী ভিন্ন অন্য গাড়ীতে প্রতি মাইল ৩ পাই হিসাবে মাশুল দিতে হইবে। বাড়াও, যত ইচ্ছা বাড়াও। রেল কোম্পানীর সঙ্গে ননকো কিছুই করিতে পারিবেনা।

## শিব ঠাকুরের দণ্ড।

—:০:—

ডায়মণ্ড হারবার থানার এলাকাধীন খান্দলিয়া গ্রামের ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় ডায়মণ্ড হারবার ফৌজদারী আদালতে নালিশ করে যে, তাহাদের গ্রামের ননিলাল মণ্ডলের গাভীর বৎস মরিয়া যাইত। ক্ষেত্র মোহনের বাটিতে একটী শিবঠাকুর আছেন। ননিলাল উক্ত শিবের নিকট মানস করিয়াছিল যে, যদি তাহার গাভীর বৎস বাঁচে, তাহা হইলে সে দেবতাকে গাভীর দুগ্ধ দিয়া পূজা দিবে। কিন্তু তাহাতেও ননিলালের গাভীর বৎস মরিয়া যাওয়ায় ননিলাল দেবতার উপর ক্রুদ্ধ হইয়া, ক্ষেত্রমোহনের ঠাকুর ঘর হইতে ভাগাড়ে যেখানে তাহার গাভীর মৃত বৎসকে ফেলিয়া দিয়াছিল, তথায় লইয়া যায় এব শিবকে ঐ বাছুরের লেজের সহিত বাঁধিয়া রাখে। দেবতার ঐরূপ দুর্দ্দশা করার জন্য মুখোপাধ্যায় মহাশয় নালিশ করিয়াছেন। বিচার ফল এখনও জানিতে পারি নাই। (সময়)

## ভাওয়াল সন্ন্যাসীর গুরু।

অমৃতবাজার পত্রিকায় প্রকাশ—ভাওয়ালের সন্ন্যাসীর গুরু ঢাকাতে আসিয়া উপস্থিত হইয়াছেন। লোকে বলিতেছে, এইবার অনেক কথা বাহির হইবে। ইহাঁর নাম ধর্ম্মদাস নাগা, সন্ন্যাসী মহলে ইনি একজন বিশিষ্ট ব্যক্তি। ভারতের ছয় সাত জন সামন্তরাজ নাকি ইহাঁর শিষ্য গুরু এবং চেলায় একত্রে আর্ম্মানিটোলায় বাস করিতেছেন।

## প্রতিবাদ।

—•—

প্রণাম নিবেদন মিদং—

আপনার জঙ্গিপুর সংবাদ পত্রে লালগোলায় সালিসী আদালত শীর্ষক প্রবন্ধে প্রকাশিত সংবাদটী এরূপ অতিরঞ্জিত ও মিথ্যা মিশ্রিত যে উহার প্রতিবাদ না করিয়া থাকিতে পারিলাম না। অনুগ্রহ পূর্ব্বক প্রতিবাদটী প্রকাশ করিয়া বাধিত করিবেন।

লালগোলায় সহযোগীতা বর্জ্জন আদৌ নাই। সালিসী আদালত সম্বন্ধে যে সব কথা লেখা হইয়াছে তাহা অতিরঞ্জিত। লালগোলার কথা কি সমুদয় লালগোলা থানার এলাকাতেও এখন পর্য্যন্ত ৫। ৬ শত মেম্বার হয় নাই।

লালগোলা রাজসরকারের প্রধান কর্ম্মচারী দিগের কথা যাহা বলা হইয়াছে তাহা সত্য নহে। পত্রলেখক মহাশয় এরূপ পত্র লিখিয়াছেন কেন বুঝিতে পারিলাম না। প্রকৃত ব্যাপার এই এখানে দেশী বস্ত্র প্রচলনের এবং ক্ষুদ্র ক্ষুদ্র বিবাদ আপোষ মীমাংসার চেষ্টা হইতেছে, এই ক্ষুদ্র ব্যাপারকে এত অতিরঞ্জিত করিবার প্রয়োজন কি?

আশা করি পত্রখানি প্রকাশ করিবেন নিবেদন ইতি। সন ১৩২৮। ১৬ই ভাদ্র।

প্রণত—
শ্রীরাখালচন্দ্র দাস।

লালগোলায় সালিসী আদালত শীর্ষক প্রবন্ধটী লালগোলা নিবাসী জনৈক ভদ্রলোকের পত্র পাইয়া অবিকল মুদ্রিত হইয়াছিল। সেই জন্য (প্রাপ্ত) বলিয়া আমরা প্রকাশ করিয়াছি। জং সং।

## পন্থা ভাল হইবার পন্থা।

ওঠা নামা—কাদার তুফানে।

—০—

গিরিশ বাবু অনেক দেখিয়া শুনিয়া গাহিয়াছিলেন "ওঠা নামা প্রেমের তুফানে" ও তুফানে পড়্‌লে সারা তনু-মন শিহরিয়া উঠে, একটা মধুর তীব্র "এম্প্রেসন" জাগে কিন্তু কাদার গাদাতে পড়্‌লে কেমন সুখ পাও? রাত্রে যখন তুমি পাদুকা বিমণ্ডিত পদে পথে বহির্গত হও আর একটা পঙ্ককুণ্ডে প্যাঁক করিয়া নামিয়া পড়ো কিম্ভুত সুখানুভূতি—সে? হয়ত তখন ঐ রাস্তার হর্ত্তা কর্ত্তা ভর্ত্তা—বিধাতৃ বিপক্ষে তুমি খুব খানিক অমিয় মধুর মিষ্টবাক্য বলিয়া গায়ের ঝাল ঝাড়িয়া লও কিন্তু প্রতিকার কিছু করিতে পার কি? হয়ত মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের দুয়ারে এক দরখাস্ত দিলে, কিন্তু ভাইরে!—কাতস্যকান্ত, কাতস্য পুত্র?

বিশেষতঃ এই দুর্গম কালবর্ষার সময় ও-সুখের স্বাদ সকলেই হাড়ে হাড়ে পাইতেছে বটে—কিন্তু কর্ত্তাদাদাকে একটিবার ঐ সুখের তরঙ্গে কর্দ্দম মর্দ্দন রঙ্গে নামাইয়া হ্যাকচ প্যাকচ করিয়া নাচাইতে পার কি! তা—যদি পার তবে প্রতিকার হয় হাতে হাতে। কাদা খাইতে খাইতে প্রাণ ধড় ফড়ও করেনা। ট্যাক্স দাও কিন্তু জুলুম দাওনা কেন!

(বঙ্গরত্নে বিশ্ব-নিন্দুক।)

## বঙ্গীয় ব্যবস্থাপক পরিষদ।

—:০:—

বঙ্গীয় ব্যবস্থাপক পরিষদের গত ৪ঠা জুলাই তারিখের অধিবেশনে আমাদের মুর্শিদা-

## কেবল দেড় টাকায়
### প্রত্যেকেরই নিত্য প্রয়োজনীয়

নিম্নলিখিত ৬ দফার যে কোন জিনিষ পাইবেন।
এক সঙ্গে ৬ দফা জিনিষ ৮৲ টাকায় পাইবেন।

PAID.
URGENT.
DUPLICATE.
CANCELLED.
BOOK-POST.
REPLIED.
COPIED.
REGISTERED.
REFUSED.
Original.
Reference No.
STAMPED.

১। ওয়ার্ড ষ্ট্যাম্প—উপরের নমুনা অনুযায়ী ১২ টি রবার ষ্টাম্প।
২। রবার ষ্ট্যাম্প—বাদামী, গোল, স্কোয়ার ইত্যাদি নানা রকমের fancy ডিজাইনে নাম ও ঠিকানা যুক্ত।
৩। নম্বারিং রবার ষ্ট্যাম্প—ইহাতে ৯৯৯৯ পর্য্যন্ত নম্বর করা যাইবে।
৪। ডেটিং ষ্ট্যাম্প—তারিখ, মাস ও সন বদলান যাইবে।
৫। পকেট প্রেস-A হইতে Z সমস্ত অক্ষর আছে।
৬। পিতলের শিলমোহর-পিতলের হাণ্ডেল যুক্ত রেজেষ্টারী চিঠিপত্রে গালায় ছাপিবার জন্য, কালিতেও ছাপা চলে। নাম বা মনোগ্রাম পাঠাইলে প্রস্তুত হয়।

আর, এন, দত্ত এণ্ড কোং এনগ্রেভার্স
৩৭।৪নং হ্যারিসন রোড, কলিকাতা।

বাদ জেলার নির্ব্বাচিত সদস্য শ্রীযুক্ত সুরেন্দ্র-নারায়ণ সিংহ এম, এল, সি মহোদয় মুর্শিদাবাদ জেলার অভাব অভিযোগ এবং অন্যান্য বিষয়ে যে সকল প্রশ্ন করিয়াছিলেন. তাহার কতিপয় প্রশ্নোত্তর পাঠকগণের অবগতির নিমিত্ত নিম্নে প্রদত্ত হইল।

প্রশ্ন—বন্দুকের লাইসেন্স বাবদ কতটাকা আয় হইয়াছে এবং সেই টাকা কি ভাবে ব্যবহৃত হইয়া থাকে ? উত্তরে মাননীয় স্যর হেনরী হুইলার বাহাদুর বলেন যে, ১৯১৭ খ্রীষ্টাব্দে ৫৬৭৮৲ ১৯১৮ অব্দে ৫৬৫৫৫০ এবং ১৯১৯ খ্রীষ্টাব্দে ২০১১৫৲ টাকা। এই টাকা সাধারণ রাজস্বের ন্যায় ব্যবহৃত হইয়া থাকে।

প্রশ্ন—বি, এ, কে রেলের জঙ্গিপুর রোড ষ্টেষনে প্লাটফরম না থাকায় সাধারণের বিশেষতঃ অন্ধ-খঞ্জগণের গাড়ীতে উঠা নামার অত্যন্ত অসুবিধা ঘটিয়াছে। ঐ লাইনের সৃষ্টি অবধি এই অসুবিধা ঘটিয়াছে। এ সম্বন্ধে মাননীয় মহোদয় কি ব্যবস্থা প্রণয়ন করিয়াছেন ? উত্তরে মাননীয় মন্ত্রী শ্রীযুক্ত নবাবআলি চৌধুরী খাঁ বাহাদুর মহোদয় বলেন যে, ঐ অসুবিধা দূরীকরণার্থ গবর্ণমেণ্টের মনাকর্ষণ জন্য জনসাধারণের পক্ষ হইতে উল্লেখযোগ্য কোনরূপ চেষ্টা করা হয় নাই। গত ১৯২০ খ্রীষ্টাব্দের এপ্রেল মাসে মহামান্য গবর্ণর বাহাদুরকে যে মেমোরিয়াল দেওয়া হইয়াছিল, তাহাতেই মাত্র ঐ সম্বন্ধে গবর্ণমেণ্টের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছিল। যাহা হউক গবর্ণমেণ্ট এ সম্বন্ধে কর্ত্তব্য নির্দ্ধারণ জন্য ইষ্টইণ্ডিয়া রেল কোম্পানীর এজেণ্টের দৃষ্টি আকর্ষণ করিবেন।

প্রশ্ন—ব্যবসা সংক্রান্ত মাননীয় সদস্য মহোদয় বঙ্গদেশীয় চা-বাগান সমূহের কুলিদিগের দৈনিক পারিশ্রমিক নির্দিষ্ট করিয়া দিবেন কি না ? মাননীয় মিঃ কার বাহাদুর এই প্রশ্নের উত্তরে গবর্ণমেণ্টের এ বিষয়ে অসম্মতি জ্ঞাপন করিয়াছেন।

প্রশ্ন—ভাগিরথী নদীর জলকর ক্রমশঃ বৎসরের পর কমিয়া যাইতেছে কি না এবং গত ১০ বৎসরে জলকরে কত টাকা আদায় হইয়াছে ? উত্তরে বর্দ্ধমানের মাননীয় মহারাজাধিরাজ বাহাদুর বলেন যে, ভাগিরথী নদীর দুই ধারে রেল-লাইন থাকায় জলকর এইভাবে ক্রমশঃ কমিয়া আসিতেছে। গত দশ বৎসরে কত টাকা জলকর আদায় হইয়াছে তাহার একটী তালিকা প্রকাশ করিয়াছেন।

জঙ্গিপুর ষ্টেষনে ১৯১১-১২ খৃঃ অব্দ হইতে ১৯২০-২১ অব্দ পর্য্যন্ত নিম্নলিখিত হিসাব প্রকাশ করিয়াছেন যথা,—জঙ্গিপুর ষ্টেষন ৫৩৬৪৲, ৪২৯৭৲, ৩৪৮৮৲, ২৭৮৫৲, ২৭৭৭৲ ২৬৯৬৲, ২৬৫৫৲, ২৩৩৩৲, ১৯৫৩৲, ১১৫৮৲ এবং স্বরূপগঞ্জ ষ্টেষনে হইয়াছে ৯৯৮২৲ ৬৮০৩৲, ৬১৩৬৲, ১৮০৫৲, ১৩৮৬৲, ১৩০৫৲, ২৮৪৭৲, ৩৮১৮৲, ২৬৬৩৲, ১৯৫৫৲ টাকা।

(প্রতিনিধি)

—

## নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই সেপ্টেম্বর ১৯২১।

—:০:—

৩৩২ মনি ডিঃ ছোগমল সেরাউ দেঃ গিরিশচন্দ্র রায় দাবি ৫২৸৴৩ পং গনকর মৌঃ তোকচাঁদপুর ৷২৸০ কাত আঃ ৫০৲ তদুপরিস্থিত পোক্তা বাটী দাতালা ও এক তালা তীর বরগা চৌকাট কপাট নওয়া জিমা ইত্যাদি।

১০৯ মঃ ডিঃ ঘতু মণ্ডল দেঃ ডোমন মণ্ডল দাবি ১৮৩৶৯ পং ঐ মৌঃ ধনপতনগর ৩৴০৷ কাত ৫৷১৪ আঃ ১৫৲

৫৪১ মনি ডিঃ দারাসতুল্যা মণ্ডল দেঃ খাবিরুদ্দি মণ্ডল দাব ৯৯৷৬ পং জোয়ার বিরাহিমপুর মৌঃ ফতেপুর ৪৴০ কাত ৪৲ আঃ ৫০৲

৬৭৫ রেহান ডিঃ বিহারী মণ্ডল দেঃ নাথু মণ্ডল দিঃ নাঃ পক্ষে গার্জ্জেন সুরেশচন্দ্র মিত্র উকীল দাবি ১৪৮৶৩ পং একবরসাহী মৌঃ নিস্তা ২৴০ কাত ২৷০ আঃ ৫০

৪০৮ মনি ডিঃ চন্দ্রভূষণ রায় দেঃ হরিশ্চন্দ্র রায় দাবি ১০৬৲ পং আসদনগর মৌঃ নিজ কৃষ্ণসাইল ২৫৴২৷ কাত ১২।৴৭৷ আঃ ৫০৲

৩৯ মঃ ডিঃ নগেন্দ্রবালা দাসী দেঃ ঝাইটন রাউত দাবি ১৩৪৷৴৯ পং মঙ্গলপুর মৌঃ ধুসরীপারা ৩।১ কাত ৩৸৵১৫ আঃ ৫০৲। পং বাহাদুরপুর মৌঃ জগন্নাথপুর ২।২৸ কাত ২৴১২ আঃ ২৫৲

৫১১ মনি ডিঃ নীলমনি ভট্টাচার্য্য দিং দেঃ গোফুর হোসেন বেপারী দাবি ১৪।৴০ পং কুকুনপুর মৌঃ পাউলী ।১৷ কাত ১৷০ আঃ ৫৲

৫১০ মনি ডিঃ ঐ দেঃ কাঙ্গালী সেখ দাবি ১২।৴ মৌজাদি ঐ ৴৪ কাত ১।৮ আঃ ৪৲

৫০৯ মনি ডিঃ ঐ দেঃ আলেগুন বিবি দাবি ৯৷৶৯ মৌজাদি ঐ ৴৩ কাত ৸৴০ আঃ ২৲

৪৪৫ মনি ডিঃ ঠাকুরদাস দত্ত দেঃ বেনুয়ারীলাল মিস্ত্রী দিং দাবি ১১৮৷৵৩ পং ঐ মৌঃ জোতকমল ।০ কাত ১।৵১০ আঃ ৫০৲

৫৬৬ রেহান ডিঃ সীতানাথ রায় দেঃ মাতব্বর বিশ্বাস দিং দাবি ১৩৯৵১৫ পং ঐ মৌঃ কাহালা ৭৸৩৸ কাত ৯৷৶৫ আঃ ৫০৲

৩৪৭ মনি ডিঃ পঙ্কজকুমার দাস দেঃ রসরাজ গোস্বামী দাবি ৩৯৪৷০ পং ঐ মৌঃ তেলিগঞ্জ ৴২৸ কাত ৪৲ আঃ ১০০৲

৩৯০ মঃ ডিঃ গগনচন্দ্র দাস দেঃ নবীনচন্দ্র দাস দাবি ৯২৸৶০ পং ঐ মৌঃ বড় পদ্মা মধ্যে ইস্তাহার লিখিত সম্পত্তি ০৴৩৷০ নীলাম হইবে আঃ ৫০৲

৪১ মঃ ডিঃ অভিলাষকুমারী দেবী দেঃ দাক্ষায়নী দেবী দাবি ৩৪৮৵৬ পং আসরফভাগ মৌঃ বারালা ২ হইতে ৪নং লাটে ৩৸২ কাত ৭৲ তদুপরিস্থিত অশ্বত্থ বৃক্ষ ১ পের আঃ ৮০৲

৪২৯ মনি ডিঃ পূর্ণচন্দ্র দাস নাবালক পক্ষে অলি মাতা বামাসুন্দরী দাসী দেঃ মেঘবরণী দাসী দাবি ১৭০।৵৩ পং কোঙরপ্রতাপ মৌঃ চাঁদপুর ৮৴০ কাত ১৫৷১৫ আঃ ১৫০৲

—


### সেটেলমেণ্টে মুস্কিল আসান।

—০—

দেশে সেটেলমেণ্ট আসিয়াছে জানেন তো। কি জমিদার, কি প্রজা এই সেটেলমেণ্ট-ভীতি কাহারও কম হয় না। সেটেলমেণ্টের সময় আপন গণ্ডা বুঝে নেবার আক্কেল পাইবার একখানা বই জঙ্গিপুরের নলিনাক্ষ বাবু উকীল বাহির করিয়াছেন। বই খানির নাম 'সরল সেটেলমেণ্ট সরচর'। ইহাতে অল্প লেখা পড়া জানা লোকও আপন গণ্ডা বুঝে নেবার হদিশ পাইবেন। জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়ে অনুসন্ধান করুন। শীঘ্রই পুস্তক খানা বাহির হইবে। হদ্দ ১ হপ্তা।

—

## জবাকুসুম তৈল

গুণেঅদ্বিতীয় গন্ধে অতুলনীয়

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জন্যই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।

৩ শিশি ২।০ ভিঃ পিতে ২৷৶০

### দ্রষ্টব্য।

শিশি, তৈল প্রভৃতি দ্রব্যের মূল্য অত্যন্ত বৃদ্ধি হওয়ায় অদ্য তারিখ হইতে বাধ্য হইয়া এক গ্রোস জবাকুসুম তৈলের মূল্য ১০৮৲ একশত আট টাকা, ডজনের মূল্য ৯।০ সাড়ে নয় টাকা ও তিন শিশির মূল্য আড়াই টাকা ৴।০ শিশির মূল্য ৩।০ টাকা ধার্য্য করা হইল। এক শিশির মূল্য এক টাকা রহিল।

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নদোষ প্রভৃতি যাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৶০

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৶০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্রা ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।৴

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড

ব্যবস্থাপক ও চিকিৎসক—

শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ

২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক! ১৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ!

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জিনিস<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

# ইলেক্ট্রিক সলিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে আত অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাঁসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের প্রতি শিশি মাশুল বৃদ্ধি সমেত ১॥০ দেড় টাকা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সম্বন্ধসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৷৷৵০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৷৷৵০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৴০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মা॰লাদি ১।৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৶০ সাত আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটিবাজার, কলিকাতা।

---

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভুষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৶০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ